



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্রক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১৪৫/২০১৮/ ২৩৫৫৬

তারিখ:

২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

১০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

কাকনহাট ফাজিল মাদরাসা, ডাকঘর: কাকনহাট, উপজেলা: গোদাগাড়ী, জেলা: রাজশাহী এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৬.০৯.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২২ খ্রি. থেকে ৩০.০৬.২০২৬ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

### শর্তসমূহ:

১. "হৃদয়ে বঙ্গবন্ধু" তথা বঙ্গবন্ধু কর্ণার কে স্বতন্ত্র কক্ষে স্থানান্তর করে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে সমৃদ্ধ করতে হবে।
২. সকল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি এবং শিক্ষার্থী ঝরে পড়া রোধ করতে অভিভাবকদের সাথে নিয়মিত মত বিনিময় সভার আয়োজন করতে হবে।
৩. অধ্যক্ষ ও উপাধ্যক্ষের জন্য সংযুক্ত টয়লেটসহ আলাদা কক্ষ এবং পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
৪. মাটির পুরাতন জীর্ণ ভবনগুলো ভেঙ্গে নতুন একাডেমিক ভবন নির্মাণ করতে হবে।
৫. ছাত্রীদের জন্য মানসম্মত কমনরুম এবং পর্যাপ্ত স্যানিটেশন নিশ্চিত করতে হবে।
৬. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।
৭. শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য শিক্ষকদের নিয়ে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ এবং সেমিনারের আয়োজন করতে হবে।
৮. সকল ধরনের আয়-ব্যয় অভ্যন্তরীণ অডিট কমিটির যাচাইয়ের মাধ্যমে গভর্ণিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৯. আর্থিক এবং প্রশাসনিক সকল কার্যক্রম ফাইলনোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
১০. মাদরাসার লাইব্রেরী আলাদা কক্ষে স্থানান্তর করে বিভিন্ন সাময়িকী ও যুগোপযোগী বই দ্বারা সমৃদ্ধ করতে হবে।
১১. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

*Handwritten signature*

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

কাকনহাট ফাজিল মাদরাসা,

ডাকঘর: কাকনহাট, উপজেলা: গোদাগাড়ী, জেলা: রাজশাহী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১৪৫/২০১৮/ ২৩৫৫৬

তারিখ:

২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

১০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, কাকনহাট ফাজিল মাদরাসা, ডাকঘর: কাকনহাট, উপজেলা: গোদাগাড়ী, জেলা: রাজশাহী।
৮. অফিস নথি।

*Handwritten signature*

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪